64

দৈনিক সংবাদ

05 JAN 1994

পৃষ্ঠা ৪ কলাম ৪

## জাতীয় বিশ্ববিদ্যালয় ও বিভ্রান্তিকর প্রশ্নপত্র

২৯-১২-৯৩ তারিখ হতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে এই প্রথমবারের মতো ডিগ্রী (পাস) পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। কিন্তু প্রথম দিনের প্রথম পরীক্ষার প্রশ্নপত্রই ছিল বিভ্রান্তিকর। বাংলা (জাতীয় ভাষা)-এর ১০ নং প্রশ্নে প্রদত্ত শব্দের 'নিম্নরেখ অংশের বানানের নিয়ম' লিখতে বলা হয়েছে। কিন্তু শব্দগুলোর নিম্নে রেখা দেয়া হয়নি। এমনকি এজন্য সঙ্গে কোন শুদ্ধিপত্রও সরবরাহ করা হয়নি। ফলে পরীক্ষার্থীরা উক্ত প্রশ্নের উত্তর করতে গিয়ে এক সঙ্কট-সংকুল বিভ্রান্তির মধ্যে পড়েছে। হয়তোবা হতে পারে এ মুদ্রণ প্রমাদ। কিন্তু কর্তৃপক্ষ কি মুদ্রণ প্রমাদের উপর দায় চাপিয়ে নিয়ে বিষয়টি এড়িয়ে যেতে পারেন? একজন পরীক্ষার্থীর নিকট পরীক্ষার হলের একটি মিনিট সময় অনেক মূল্যবান।

এই বিভ্রান্তিমূলক প্রশ্নে ছাত্রদের সুস্থ চিন্তার নিশ্চয়ই ব্যাঘাত সৃষ্টি হয়েছে বলে আমি মনে করি। সুতরাং পরীক্ষার্থীদের কথা বিবেচনা করে উক্ত ১০ নং প্রশ্নটির জন্য নির্ধারিত নম্বর ৫ পুরোটাই পরীক্ষার্থীদের দিয়ে দেয়ার জন্য বিজ্ঞ কর্তৃপক্ষ সমীপে অনুরোধ করছি।

বেনী মাধব সরকার
প্রভাষক
সিঙ্গাইর ডিগ্রী কলেজ,
সিঙ্গাইর, মানিকগঞ্জ।